

পাবিপ্রবিতে ফার্মেসি বিভাগের শিক্ষার্থীদের মানববন্ধন

পাবনা
প্রতিনিধি

২৬
আগস্ট,
২০২৩
১৬:৫৯

শেয়ার

অ +

অ -



আয়োজিত মানববন্ধন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, শ্রেণিকক্ষ, ল্যাব ও লাইব্রেরি সংকট নিরসন, অ্যানিম্যাল হাউজ প্রতিষ্ঠাকরণ, বোট্যানিক্যাল গার্ডেন প্রতিষ্ঠাকরণসহ ছয় দাবিতে মানববন্ধন করেছেন ফার্মেসি বিভাগের শিক্ষার্থীরা।

আজ শনিবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের মানববন্ধন শুরু হয় এবং দুপুর ১টায় শেষ হয়। মানববন্ধনে ফার্মেসি বিভাগের শিক্ষার্থীরা প্রশাসনের কাছে তাদের বিভাগের সংকটগুলো দ্রুত নিরসনের দাবি জানান।

মানববন্ধনে শিক্ষার্থীরা দাবি করেন, ফার্মেসি বিভাগে দীর্ঘদিন ধরে শিক্ষক, শ্রেণিকক্ষ, ল্যাব, লাইব্রেরিসহ বিভিন্ন সমস্যা রয়েছে।

এগুলো প্রশাসনের জানা থাকলেও প্রশাসন সমস্যাগুলো সমাধান করার কার্যকর কোনো উদ্যোগ গ্রহণ করেনি। বিভাগে বিভিন্ন সমস্যা থাকার কারণে ফার্মেসি কাউন্সিল অব বাংলাদেশ ইতিমধ্যে ২০২২-২৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির বিষয়ে নিষেধাজ্ঞা দিয়েছে। যেটি বিভাগের ওপর নেতিবাচক প্রভাব ফেলেছে। যার কারণে তারা রাস্তায় নামতে বাধ্য হয়েছেন।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুনের তাত্ক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি। তবে গত মঙ্গলবার এক অনুষ্ঠানে তিনি ফার্মেসি বিভাগের সমস্যাগুলো নিরসনের কথা জানিয়েছেন। তিনি বলেছেন, এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার শুরুর দিকে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত না করেই অনেকগুলো বিভাগ খোলা হয়েছে। ফলে সবগুলো বিভাগে নানা রকমের সংকট রয়েছে।

কেবল আমাদের নয়, নতুন সকল বিশ্ববিদ্যালয়ের একই সংকট। আমরা চেষ্টা করছি দ্রুততম সময়ে এসব সংকট কাটিয়ে ওঠার। ফার্মেসি কাউন্সিল আমাদের বিশ্ববিদ্যালয়ে ফার্মেসি বিভাগের সংকট নিরসনের যে শর্তগুলো দিয়েছেন আমরা সেগুলো নিয়ে অবগত আছি। তবে আগামী ৩১ ডিসেম্বরের ফার্মেসি কাউন্সিলের শর্ত পূরণ করা কঠিন, তারপরেও আমরা সর্বোচ্চ চেষ্টা করব শর্তগুলো পূরণ করতে।